# ঢাবিতে মধ্য রাতে পাঁচটি ভবনের মূল ফটকে নিষিদ্ধ ছাত্রলীগের তালা




সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) পাঁচটি গুরুত্বপূর্ণ ভবনের মূল ফটকে তালা ঝুলিয়ে দিয়েছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগ। আগামীকাল ১৩ নভেম্বরের ঘোষিত ‘লকডাউন কর্মসূচি’র অংশ হিসেবেই এই ঘটনা ঘটেছে বলে জানা গেছে।

গতকাল মঙ্গলবার (১১ নভেম্বর) গভীর রাতে বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসের বিভিন্ন স্থানে এ তালা লাগানোর ঘটনা ঘটে। তালাবদ্ধ ভবনগুলোর মধ্যে রয়েছে— চারুকলা অনুষদ, ইনস্টিটিউট অব এডুকেশন অ্যান্ড রিসার্চ (আইইআর), পুষ্টি ও খাদ্যবিজ্ঞান ইনস্টিটিউট, কার্জন হলের প্রধান ফটক এবং বিজ্ঞান ভবন।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দীন আহমেদ বলেন, “যেসব নিরাপত্তারক্ষী ঐসব ফটকে দায়িত্বে ছিলেন, তাদের সাময়িকভাবে প্রত্যাহার করা হয়েছে। সহকারী প্রক্টররা ইতিমধ্যে ঘটনাস্থলে গেছেন এবং সিসিটিভি ফুটেজ যাচাই করা হচ্ছে।”

তিনি আরও জানান, “এ ধরনের ঘটনা কোনোভাবেই সহ্য করা হবে না। ক্যাম্পাসের নিরাপত্তা নিশ্চিত করতে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।”